# কোভিড-19 টিকা সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আপডেট করা হয়েছে: 23 ডিসেম্বর 2020

## সাধারণ তথ্য

**কখন আমি কোভিড-19 টিকা পাব?**
Mass General Brigham জনস্বাস্থ্য আধিকারিকদের নির্দেশ অনুসরণ করছে। সবার প্রথমে সামনের সারির স্বাস্থ্য সেবা কর্মীরা টিকা পাবেন। দীর্ঘমেয়াদী পরিচর্যা ও নার্সিং হোমে ভর্তি থাকা রোগীরাও টিকা পাবেন।

**সাধারণ মানুষের জন্য কবে টিকা উপলভ্য হবে?**
বর্তমানে ম্যাসাচুসেটসের জনস্বাস্থ্য কর্মকর্তারা মনে করছেন সাধারণ জনগণ 2021 সালের এপ্রিল থেকে জুনের মধ্যে এই টিকা পাবেন। ম্যাসাচুসেটসের জনস্বাস্থ্য বিভাগের মাধ্যমে বিষয়টি সমন্বিত করা হবে।

যদি আপনি ঝুঁকিতে থাকেন, আপনার বয়স 65 বা তার বেশি বয়স হয় বা কিছু নির্দিষ্ট কাজ যেমন শিক্ষা, পরিবহন বা গণপূর্ত কাজ করে থাকেন, তাহলে ফেব্রুয়ারি থেকে এপ্রিলের মধ্যে আপনি খুব শীঘ্রই এই টিকা পেতে পারেন। রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রগুলোর (Centers for Disease Control, CDC) ওয়েবসাইটে মারাত্মক অসুস্থতার ঝুঁকি বেশি কাদের আছে এবং সাধারণ মানুষের জন্য টিকা কবে উপলভ্য হবে তা সম্পর্কে আরো তথ্য আছে।

**বাচ্চারা কি টিকা পাবে?**
বর্তমানে ফাইজারের টিকা 16 ও তার বেশি বয়সীদের জন্য অনুমোদিত। মর্ডানার টিকা বাচ্চাদের জন্য অনুমোদিত নয়। এটি 18 বা তার বেশি বয়সীদের প্রাপ্তবয়স্কদের জন্য অনুমোদিত।

**কীভাবে আমরা জানব যে টিকা কাজ করে?**
কোভিড-19 টিকা অত্যন্ত কার্যকর বলে প্রমাণিত হয়েছে। 3য় পর্যায়ের ট্রায়াল অনুসারে ফাইজারের টিকাদ্বিতীয় ডোজের 7 দিন পরে 95% কার্যকর। মর্ডানার টিকা দ্বিতীয় ডোজের 14 দিন পরে 94% কার্যকর। এই ফলাফলগুলি লিঙ্গ, বয়স, বর্ণ এবং জাতিগত জুড়ে সুসংগত ছিল।

**আমার টিকা নেয়ার পরে প্রতিরোধ ক্ষমতা কত দিন স্থায়ী হবে? প্রতিবছর কি আমার টিকা নেয়ার দরকার হবে?**
আমরা এখনও এটি জানি না। সুরক্ষা কতদিন স্থায়ী তা দেখতে ক্লিনিকাল ট্রায়ালগুলিতে অংশগ্রহণকারীদের পর্যবেক্ষণ করা হবে। অতিরিক্ত তথ্য উপলব্ধ হলেই আমরা তা প্রদান করব।

ইমিউনিটি কতদিন স্থায়ী থাকবে তা আমরা জানি না, তাই হাত ধোয়া, মাস্ক পরা এবং শারীরিক দূরত্ব বজায় রাখা গুরুত্বপূর্ণ।

**টিকা নেয়ার পরে কি আমরা মাস্ক করা ও শারীরিক দূরত্ব বজায় রাখা বন্ধ করতে পারি?**
না, এখনও নয়। আমরা জানি যে টিকা অসুস্থ হওয়া থেকে আটকায়, কিন্তু আমরা জানি না যে আপনার থেকে অন্য কারও অসুস্থ হওয়া আটকায় কিনা। যেহেতু সকলেই এখনই টিকা পাবেন না, তাই আমাদেরকে অন্যদেরকে সুরক্ষিত রাখার বিষয়ে সতর্ক থাকতে হবে। এমনকি যদি আপনি টিকা নেন, তাহলেও আপনাকে মাস্ক পরতে হবে, শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে ও আপনার হাত ধুতে হবে। সংক্রমণ নিয়ন্ত্রণ বিশেষজ্ঞরা আমাদের জানাবেন কখন এইসব বদলানো বা বন্ধ করা দরকার।

**যদি আমরা মাস্ক পরছি ও শারীরিক দূরত্ব বজায় রাখছি তাহলে টিকা নেয়ার কী দরকার?**
মহামারী থামাতে আমাদের কাছে উপলব্ধ সমস্ত সরঞ্জাম আমাদেরকে ব্যবহার করতে হবে। কোভিড-19 টিকা এবং মাস্ক পরা ও শারীরিক দূরত্ব বজায় রাখার মতো প্রতিদিনের অভ্যাস একসঙ্গে কোভিড-19 থেকে সবথেকে ভালোভাবে সুরক্ষিত রাখে। টিকা 90% থেকে 95% কার্যকরি হলেও, আপনার জন্য তা কতটা কার্যকরি তা আপনি জানেন না। টিকা প্রাপ্ত 5% থেকে 10% মানুষের এখনও ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি আছে। ভাইরাসে আক্রান্ত ও ছড়িয়ে যাওয়ার ঝুঁকি কমাতে আপনার উচিত সেইসব কিছুই করা যা আপনি করতে পারবেন।

**টিকা থেকে কি মানুষের কোভিড-19 হতে পারে?**
না। টিকায় সম্পূর্ণ বা জীবন্ত ভাইরাস থাকে না তাই কোভিড-19 হবে না।

**আমি কোভিড-19 এ আক্রান্ত হয়েছিলাম। আমাকে কি টিকা নিতে হবে?**
হ্যাঁ, আপনার জন্য টিকা উপলভ্য হলে আপনাকে নিতে হবে এবং আপনার কোভিড-19 সেরে গেলেও আপনাকে টিকা নিতে হবে। যদি আপনি কোভিড-19 এ আক্রান্ত থাকেন বা এর উপসর্গ দেখা দেয়, তাহলে আপনাকে টিকা নিতে হবে না।

**টিকার কী কী পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে?**
টিকা নেয়ার পর কিছু মানুষের পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয়। ফাইজার ও মর্ডানা উভয় টিকার ক্ষেত্রেই বেশিরভাগ মৃদু পার্শ্ব প্রতিক্রিয়া একদিনের মধ্যে সেরে যায়।

- ফাইজার টিকার সবথেকে প্রচলিত পার্শ্ব প্রতিক্রিয়া হল শরীরের যেখানে টিকা দেয়া হয়েছে সেখানে ব্যথা, ক্লান্তি, মাথাব্যথা, পেশির ব্যথা, গাঁটে ব্যথা ও ঠান্ডা লাগা।
- মর্ডানা টিকার সবথেকে প্রচলিত পার্শ্ব প্রতিক্রিয়া হল শরীরের যেখানে টিকা দেয়া হয়েছে সেখানে ব্যথা, ক্লান্তি, মাথাব্যথা, পেশীর ব্যথা, ঠান্ডা লাগা, গাঁটে ব্যথা, শরীরের যেখানে টিকা দেয়া হয়েছে সেটি ফুলে যাওয়া, বমি বমি ভাব এবং বমি এবং জ্বর।

**আরো তথ্য আমি কোথায় পাব?**

- কোভিড-19 টিকা নেয়ার সুবিধা- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/vaccine-benefits.html
- যখন টিকা সীমিত, তখন কাদের প্রথমে টিকা দেয়া হবে? - https://www.cdc.gov/coronavirus/2019-ncov/vaccines/recommendations.html
- ম্যাসাচুসেটসে কোভিড-19 টিকা - https://www.mass.gov/covid-19-vaccine-in-massachusetts
- গুরুতর অসুস্থতার জন্য ঝুঁকিপূর্ণ মানুষরা – https://www.cdc.gov/coronavirus/2019-ncov/faq.html#People-at-Higher-Risk-for-Severe-IllnesS
- ফুড ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন
ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা –https://www.fda.gov/emergency-preparedness-and-response/coronavirus-disease-2019-covid-19/pfizer-biontech-covid-19-vaccine
- ফুড ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন
মর্ডানা কোভিড-19 টিকা - https://www.fda.gov/emergency-preparedness-and-response/coronavirus-disease-2019-covid-19/moderna-covid-19-vaccine
- Mass General Brigham কোভিড-19 ওয়েবসাইট - https://www.massgeneralbrigham.org/covid19

## অ্যালার্জি

**কোভিড-19 টিকার অ্যালার্জি প্রতিক্রিয়া নিয়ে কি আমাকে চিন্তা করতে হবে?**
কিছু ক্ষেত্রে দেখা গেছে যে টিকা নেয়ার পর অ্যালার্জি প্রতিক্রিয়া দেখা দিচ্ছে। অল্প সংখ্যক লোকের অ্যানাফিল্যাক্সিস নামে একটি তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া ছিল। এর ভিত্তিতে, মার্কিন ফুড ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন এবং CDC সুপারিশ করে যে কোভিড-19

টিকার উপাদানগুলির ক্ষেত্রে অ্যানাফিলাক্সিসের ইতিহাস আছে এমন লোকেরা যেন টিকা না নেন। অন্যান্য খাবার বা ওষুধের অ্যালার্জিযুক্ত লোকেরা টিকা নিতে পারে।

সাধারণভাবে, বেশিরভাগ রোগীদের একটি টিকার ক্ষেত্রে অ্যালার্জি থাকলেও নিরাপদে অন্যান্য টিকা গ্রহণ করতে পারে। আপনার যদি টিকা, ইনজেকশনযোগ্য থেরাপি বা আপনি যে কোভিড-19 টিকাটি পেতে চলেছেন তার কোনো উপাদানের ক্ষেত্রে গুরুতর অ্যালার্জির ইতিহাস থাকে, তাহলে আপনার উচিত প্রাথমিক পরিচর্যা প্রদানকারী বা অ্যালার্জিস্টের (যদি আপনার থাকে) সাথে কথা বলা। আপনার প্রদানকারী আপনাকে টিকা নেয়া নিরাপদ কিনা তা সিদ্ধান্ত নিতে সহায়তা করতে পারে।

**ফাইজার-বায়োএনটেক এবং মর্ডানার কোভিড-19 টিকায় কী কী উপাদান রয়েছে?**

ফাইজার এবং মর্ডানার কোভিড-19 টিকায় জিলাটিন, ডিম বা ল্যাটেক্স থাকে না। এছাড়াও, শিশির স্টপার্স প্রাকৃতিক রাবারের ল্যাটেক্স দিয়ে তৈরি হয় না। যে সব মানুষের ল্যাটেক্স অ্যালার্জি আছে, তারা ফাইজার বা মর্ডানার কোভিড-19 টিকা নিতে পারে।
ফাইজার এবং মর্ডানার কোভিড-19 টিকা দুটিতেই পলিথিন গ্লাইকোল থাকে। পলিথিলিন গ্লাইকলের প্রতিক্রিয়া খুব বিরল। পলিথিলিন গ্লাইকলের থেকে অ্যালার্জির ইতিহাস রয়েছে এমন রোগীদের ফাইজার বা মডার্না টিকা গ্রহণের আগে তাদের প্রদানকারীর সাথে কথা বলা উচিত।

**ফাইজার-বায়োএনটেক এবং মর্ডানার কোভিড-19 টিকার উপাদান**

| | **ফাইজার-বায়োএনটেক** | **মর্ডানা** |
|---|---|---|
| সক্রিয় | SARS-CoV- 2 এর ভাইরাল স্পাইক (গুলি) গ্লাইকোপ্রোটিন এনকোড করা নিউক্লিওসাইড-মডিফায়েড মেসেঞ্জার RNA (modRNA) | SARS-CoV-2 এর ভাইরাল স্পাইক (গুলি) গ্লাইকোপ্রোটিন এনকোড করা নিউক্লিওসাইড-মডিফায়েড mRNA |
| নিষ্ক্রিয় - লিপিড | (4-হাইড্রোক্সিবিউটেল)আজানিয়েডিল)বিস(হেক্সেন-6,1-ডায়াইল)বিস(2-হ্যাক্সেলিডেকানোয়েট) | SM-102 (মর্ডানার সম্পত্তি) |
| | 2[(পলিথিলিন গ্লাইকোল [PEG]) - 2000] -N,N-ডাইটেট্রেডিসাইলেসটাইমাইড | পলিথিলিন গ্লাইকোল (PEG) 2000 ডাইমিস্টোয়েল গ্লিসারল (DMG) |
| | 1,2-ডিস্টিরয়েল-সন-গলিসের-3-ফোসফোক্লোইন | 1,2-ডিস্টিরয়েল-সন-গলিসের-3-ফোসফোক্লোইন |
| | কোলেস্টেরল | কোলেস্টেরল |
| নিষ্ক্রিয় – লবণ, চিনি, বাফার | পটাসিয়াম ক্লোরাইড, মনোব্যাসিক পটাসিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড, ডিবাসিক সোডিয়াম ফসফেট ডায়হাইড্রেট | ট্রমেটামাইন, ট্রমেটামাইন হাইড্রোক্লোরাইড, এসিটিক অ্যাসিড, সোডিয়াম অ্যাসিটেট |
| | সুগার (সুক্রোজ) | সুগার (সুক্রোজ) |

| | | |
|---|---|---|
| | দেয়ার জন্য টিকায় যোগ করা দ্রাবকটি হল স্যালাইন (সোডিয়াম ক্লোরাইড) | কোনো দ্রাবকের দরকার নেই |